দৈনিক জনকণ্ঠ

MAY 28 2002

MAY 28 2002

তারিখ ...

পৃষ্ঠা ১ কলাম ৫

# আগামী মাসে ঢাবি উপাচার্য প্যানেল নির্বাচন অনুষ্ঠিত হবে

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ আগামী মাসের শেষ সপ্তাহে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্যানেল নির্বাচন অনুষ্ঠিত হবে। উপ-উপাচার্যের শূন্য পদেও একজন শিক্ষককে নিয়োগ দেয়া হবে। উপাচার্য প্যানেল নির্বাচন ও উপ-উপাচার্য পদে নিয়োগ নিয়ে এখন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক মহলে ব্যাপক গুঞ্জন এবং সরকারী মহলে লবিং

(২- পৃষ্ঠা ৩-এর কঃ দেখুন)

## আগামী মাসে ঢাবি

(প্রথম পাতার পর)

জোট সরকার বর্তমান উপাচার্য অধ্যাপক আনোয়ারউল্লাহ চৌধুরীকে গত ১২ নবেম্বর চার বছরের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পদে নিয়োগ দেয়। ১৮৯৭ সালের জেনারেল ক্লজেস এ্যাক্ট অনুযায়ী এই নিয়োগ দেয়া হয়। কিন্তু এই নিয়োগ নিয়ে যাতে ভবিষ্যতে বিতর্ক সৃষ্টি না হয় সেজন্য সরকার সম্প্রতি বিশ্ববিদ্যালয় প্রশাসনকে উপাচার্য প্যানেল নির্বাচনের পরামর্শ দেয়। এ পরামর্শ অনুযায়ী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আগামী মাসের শেষ সপ্তাহে উপাচার্য প্যানেল নির্বাচনের সিদ্ধান্ত নিয়েছে। নিয়ম অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের সিনেট সদস্যদের ভোটে তিনজন শিক্ষককে উপাচার্য প্যানেলের জন্য নির্বাচিত করা হয়।